

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.৬২

তারিখ: ২৮/০১/২০১৮ খ্রি:

বিষয় : মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী নোয়াখালী জেলার মাইজদী পাবলিক কলেজের ০৩ জন প্রভাষকের সহকারী অধ্যাপকের বেতন স্কেল অবনমন সংক্রান্ত।

সূত্র : (১) ৩৭.০০.০০০০.০৩১.০২.০০৭.১৬.৬৫৮ তারিখ : ১৫ নভেম্বর ২০১৭

(২) ৭জি/৫০০ (ক-৩)/০৫/৪৯৩০ তারিখ : ১৭.০৯.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার মাইজদী পাবলিক কলেজের প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব মো: নূরুল আমীন ও প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব মো: সালাউদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৭৭০/২০০৭ এর রায় নিম্নরূপ :


“সংশ্লিষ্ট কলেজের গভর্নিং বডির সভাপতি (২নং বিবাদী) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ন্যূনতম পক্ষে একজন সহকারি পরিচালকের সমন্বয়ে সংশ্লিষ্ট প্রভাষকদেও সহকারি অধ্যাপক পদে পদোন্নতির রেজুলেশন গ্রহণ করবেন এবং রেজুলেশন গ্রহণকালে জ্যেষ্ঠতার সরকারি বিধি বিধান অনুসরণ করবেন।

০২. এ বিষয়ে এ বিভাগের মতামত নিম্নরূপ :

আদালতের নির্দেশনা অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতার তালিকা অনুসারে ক্রমিক নং ১-৩ এ বর্ণিত জনাব টিপু সুলতান, জনাব আইনুল্লাহর বেগম ও জনাব মো: জাহাঙ্গীর হোসেন-কে সহকারি অধ্যাপকের স্কেল প্রদান, ৫নং ক্রমিকে জনাব মো: সালাউদ্দিন এর পদবী সহকারি অধ্যাপকের পরিবর্তে প্রভাষক প্রদান এবং সহকারি অধ্যাপক নূরুল আমীন মৃত্যুবরণ করায় তার নাম কর্তনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মহামান্য আদালতের রায় আশু বাস্তবায়নের যথাযথ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

০৩. এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আইন সেলের মতামত এবং আদালতের নির্দেশনা অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতার তালিকা অনুসারে ক্রমিক নং-১-৩ এ বর্ণিত জনাব টিপু সুলতান, জনাব আইনুল্লাহর বেগম ও জনাব মো: জাহাঙ্গীর হোসেন-কে সহকারি অধ্যাপকের স্কেল প্রদান, ৫নং ক্রমিকে জনাব মো: সালাউদ্দিন এর পদবী সহকারি অধ্যাপকের পরিবর্তে প্রভাষক প্রদান এবং সহকারি অধ্যাপক নূরুল আমীন মৃত্যুবরণ করা তার নাম কর্তনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. উপসচিব (আইন), আইন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫. যুগ্ম-সচিব (বেসর: মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব